মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

৫৮-৫৯, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম

স্মারক নম্বর: ২৮.২৩.০০০০.৫০১.০৪.০৬৯.২৪-৮৪০ তারিখ: ৩১-১২-২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

দেশের খ্যাতনামা পেট্রোলিয়াম পণ্য বিপণনকারী প্রতিষ্ঠান মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর নিম্নোক্ত শূন্য পদসমূহে নিয়োগের জন্য প্রত্যেক পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমঃ	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	অফিস এ্যাসিষ্ট্যান্ট-১ গ্রেড: সি এস-১ বেতন স্কেল: ৯৩০০-৯৭৭০----২২৪৯০	২০ টি	সর্বোচ্চ ৩২ বছর	স্নাতক পাশ বা সমমান। অস্থায়ী হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এইচএসসি পাশ। কম্পিউটার এর উপর প্রশিক্ষণ প্রাপ্ত।
২।	অফিস এ্যাসিষ্ট্যান্ট-কাম-টাইপিষ্ট-১/ টাইপিষ্ট গ্রেড: সি এস-১ বেতন স্কেল: ৯৩০০-৯৭৭০----২২৪৯০	০৮ টি	সর্বোচ্চ ৩২ বছর	স্নাতক পাশ বা সমমান। অস্থায়ী হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এইচএসসি পাশ। কম্পিউটারে টাইপিং-এ গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ থাকতে হবে।
৩।	টেলিফোন অপারেটর-কাম-রিসেপশনিষ্ট-১ গ্রেড: সি এস-১ বেতন স্কেল: ৯৩০০-৯৭৭০----২২৪৯০	০১ টি	সর্বোচ্চ ৩২ বছর	ন্যূনতম এইচএসসি পাশ বা সমমান। পিএবিএক্স বোর্ড পরিচালনায় ন্যূনতম তিন বছরের বাস্তব অভিজ্ঞতা।
৪।	কম্পাউন্ডার/ফার্মাসিষ্ট-১ গ্রেড: সি এস-১ বেতন স্কেল: ৯৩০০-৯৭৭০----২২৪৯০	০১ টি	সর্বোচ্চ ৩২ বছর	ফার্মেসি বিষয়ে স্নাতক ডিগ্রীধারী অথবা স্নাতক পাশ বা সমমান এবং কম্পাউন্ডার/ ফার্মেসি বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী থাকা বাধ্যতামূলক।
৫।	পাম্প অপারেটর-১ গ্রেড: এল এস-২ বেতন স্কেল: ৯৩০০-৯৭৭০----২২৪৯০	০৫ টি	সর্বোচ্চ ৩৫ বছর	এসএসসি পাশ বা সমমান। পাঁচ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কোম্পানিতে অস্থায়ী (জিই-০১) হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে অন্তত তিন বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৬।	ইলেকট্রিশিয়ান-১ গ্রেড: এল এস-২ বেতন স্কেল: ৯৩০০-৯৭৭০----২২৪৯০	০৩ টি	সর্বোচ্চ ৩৫ বছর	এসএসসি পাশ বা সমমান। পাঁচ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কোম্পানিতে অস্থায়ী (জিই-০১) হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে অন্তত তিন বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ইলেকট্রিশিয়ানের ক্ষেত্রে এ/বি/সি লাইসেন্সধারী হতে হবে ।
৭।	ড্রাইভার-১ গ্রেড: এল এস-২ বেতন স্কেল: ৯৩০০-৯৭৭০----২২৪৯০	০৪ টি	সর্বোচ্চ ৩৫ বছর	এসএসসি পাশ বা সমমান এবং ড্রাইভিং লাইসেন্সধারী। পাঁচ বছরের গাড়ী চালনার বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। অস্থায়ী (জিই-০১) ড্রাইভার হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে অন্তত তিন বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৮।	অদক্ষ শ্রমিক/হেলপার গ্রেড: এল এস-১ বেতন স্কেল: ৮২৫০-৮৬৭০----২০০১০	২৩ টি	সর্বোচ্চ ৩২ বছর	এসএসসি পাশ বা সমমান। অস্থায়ী হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি পাশ।
৯।	পিয়ন গ্রেড: এল এস-১ বেতন স্কেল: ৮২৫০-৮৬৭০----২০০১০	১২ টি	সর্বোচ্চ ৩২ বছর	এসএসসি পাশ বা সমমান। অস্থায়ী হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি পাশ।

১০।	ক্লিনার গ্রেড: এল এস-১ বেতন স্কেল: ৮২৫০-৮৬৭০----২০০১০	০৬ টি	সর্বোচ্চ ৩২ বছর	অষ্টম শ্রেণি পাশ বা সমমান।
১১।	সিকিউরিটি গার্ড গ্রেড: এল এস-১ বেতন স্কেল: ৮২৫০-৮৬৭০----২০০১০	৫৫ টি	সর্বোচ্চ ৩২ বছর। সশস্ত্র বাহিনী/ আধা-সামরিক বাহিনীর অবসর প্রাপ্ত সিপাহীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর।	এসএসসি পাশ বা সমমান। সিকিউরিটি গার্ড পদে সশস্ত্র বাহিনী/আধা-সামরিক বাহিনীর অবসর প্রাপ্ত সিপাহীদের অগ্রাধিকার প্রদান করা হবে। কোম্পানিতে অস্থায়ী (জিই-০১) সিকিউরিটি গার্ড হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি পাশ। প্রার্থীদের দৈহিক উচ্চতা ন্যূনতম ৫ ফুট ৬ ইঞ্চি, বুকের মাপ ন্যূনতম ৩২ ইঞ্চি ও সুঠাম দেহের অধিকারী হতে হবে।
১২।	ফায়ার ফাইটার গ্রেড: এল এস-১ বেতন স্কেল: ৮২৫০-৮৬৭০----২০০১০	০৯ টি	সর্বোচ্চ ৩২ বছর। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অবসর প্রাপ্ত ফায়ার ফাইটারদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর।	এসএসসি পাশ বা সমমান। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অবসর প্রাপ্ত ফায়ার ফাইটারদের অগ্রাধিকার দেয়া হবে।
মোট		**১৪৭ টি**		

আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী :

১। সকল পদে নিয়োগের ক্ষেত্রে বিপিসি কর্তৃক "অনুমোদিত বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অধীনস্ত কোম্পানিসমূহের শ্রমিক-কর্মচারী নিয়োগ নীতিমালা-২০২৩'', প্রযোজ্য ক্ষেত্রে সরকারী বিধি-বিধান, নির্দেশনা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখা কর্তৃক ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত কোটা বিষয়ক প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

২। প্রার্থীগণ Online এর মাধ্যমে আবেদন করবেন। সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩। সরকারি/আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৪। প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন শুরুর তারিখে সংশ্লিষ্ট পদের পার্শ্বে উল্লেখিত বয়সের অধিক হবে না। বয়স প্রমাণের ক্ষেত্রে এস এস সি/জে এস সি/সমমানের পরীক্ষার সার্টিফিকেটে উল্লেখিত জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে এবং বয়সের বিষয়ে কোন রকম এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। তবে জে এস সি ব্যতীত অষ্টম শ্রেণি পাশ প্রার্থীদের বয়স নির্ধারণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের (NID/Smart Card) বয়স চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৫। "বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অধীনস্ত কোম্পানিসমূহের শ্রমিক-কর্মচারী নিয়োগ নীতিমালা-২০২৩'' মোতাবেক নিয়োগের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স ৪৫ (পঁয়তাল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

ক) "বিভাগীয় প্রার্থী'' অর্থ ঐ সকল কর্মচারীকে বুঝাবে যারা একই লাইনের এবং এমপিএল-এর চাকরিতে কমপক্ষে দুই বৎসর স্থায়ী বা অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত আছেন এবং বিজ্ঞাপিত পদে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য; তবে তাদের চাকরিতে প্রথম নিয়োগের সময় বয়সসীমা সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।

খ) "অস্থায়ী কর্মচারী'' অর্থ এমপিএল-এ অস্থায়ী ভিত্তিতে নিযুক্তির লক্ষ্যে গঠিত উপযুক্ত কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে/উপযুক্ত বিভাগীয় কর্তৃপক্ষ কর্তৃক ক্যাজুয়াল ভিত্তিতে ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখ পর্যন্ত নিযুক্ত বিদ্যমান সকল শ্রমিক, কর্মচারী এবং নিরাপত্তা প্রহরীদের বোঝাবে।

৬। সকল পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সনদ সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড হতে অর্জন করতে হবে এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত কলেজ/ বিশ্ববিদ্যালয়ের হতে হবে। বিদেশী কলেজ/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি হতে সমতুল্য সনদের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৭। অভিজ্ঞতা নির্ধারণের ক্ষেত্রে কোনো পদের বিপরীতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের (ফলাফল প্রকাশের তারিখ) পরের সময়কাল হতে অভিজ্ঞতার সময়কাল বিবেচনা করা হবে।

৮। একজন প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কেবলমাত্র ০১ (এক) টি পদের বিপরীতে দরখাস্ত করতে পারবেন। একই পদের জন্য একাধিক দরখাস্ত বা একই ব্যক্তি একাধিক পদের জন্য দরখাস্ত করলে সকল দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

৯। লিখিত এবং মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS ও MPL এর ওয়েব সাইট www.mpl.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

১০। প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের রঙ্গিন প্রিন্টেড কপি, সদ্যতোলা ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্কশীট/ট্রান্সক্রিপ্ট, কম্পিউটার প্রশিক্ষণের সনদ, বৈধ লাইসেন্স এবং অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয় পত্র (NID/Smart Card), যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পত্রসহ প্রয়োজনীয় দলিলাদির মূল কপি উপস্থাপন করতে হবে। বর্ণিত দলিলাদির এক সেট ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যয়নপূর্বক দাখিল করতে হবে। প্রার্থীদেরকে লিখিত/মৌখিক/স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনাদের পুত্র-কন্যা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী হিসেবে আবেদন করলে প্রার্থীকে প্রার্থীতা প্রমাণের সকল ডকুমেন্টের মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। উক্ত ডকুমেন্টসমূহের এক সেট ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যয়নপূর্বক দাখিল করতে হবে।

১২। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য কোম্পানির ওয়েবসাইট www.mpl.gov.bd এ পাওয়া যাবে।

১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/জাল/মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। প্রার্থীর পক্ষে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৪। প্রার্থীগণকে চূড়ান্ত নিয়োগ লাভের পূর্বে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৫। কোন প্রার্থী নিয়োগ লাভের পরও তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। অনলাইনে আবেদনপত্র পূরণ পদ্ধতি :

ক) ইচ্ছুক প্রার্থীগণকে http://mpl.teletalk.com.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ০৬-০১-২০২৫, সকাল ১০:০০ ঘটিকা।
ii) অনলাইনে আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ : ২৬-০১-২০২৫, বিকাল ৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) পিক্সেল ও সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) পিক্সেল স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন।

১৭। এস এম এস প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

ক) অনলাইনে আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy রঙ্গিন প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন।

খ) Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই) টি এস এম এস করে ক্রমিক নম্বর ১ হতে ৭ এ উল্লেখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ টাকা এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সার্ভিস চার্জ ১২ টাকাসহ সর্বমোট ১১২/- (এক শত বারো) টাকা এবং ক্রমিক নম্বর ৮ হতে

১২ এ উল্লেখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০ টাকা এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সার্ভিস চার্জ ৬ টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনলাইনে আবেদনপত্র সাবমিটের পরবর্তী অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

১ম SMS : MPL<Space>User ID লিখে ১৬২২২ নম্বরে প্রেরণ করতে হবে (Reply হিসেবে একটি PIN নম্বর পাওয়া যাবে)।
২য় SMS : MPL<Space>Yes<Space>PIN লিখে ১৬২২২ নম্বরে প্রেরণ করতে হবে (Reply হিসেবে User ID ও Password সহ টাকা জমাদানের প্রাপ্তি স্বীকারের SMS পাওয়া যাবে)।

গ) এস এম এস এর মাধ্যমে প্রাপ্ত User ID নম্বর এবং Password ব্যবহার করে প্রার্থীগণ প্রবেশপত্র ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন এবং প্রবেশপত্রটি পরর্বর্তীতে সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১৮। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে দাখিল/সাবমিট করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না ।

১৯। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ করতে দেয়া যাচ্ছে।

স্বাঃ
(মোহাম্মদ ইনাম ইলাহী চৌধুরী)
জেনারেল ম্যানেজার (এইচ আর) চঃ দাঃ